গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বদরগঞ্জ, রংপুর

এবং

জেলা মৎস্য কর্মকর্তা, রংপুর-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

**০১ জুলাই ২০২৩ - ৩০ জুন ২০২৪**



মুদ্রণ তারিখঃ বুধবার, জুন ২১, ২০২৩

## সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
| --- | --- |
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| প্রস্তাবনা | ৪ |
| সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি | ৫ |
| সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact) | ৬ |
| সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা | ৭-১০ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) | ১১ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক | ১২-১৩ |
| সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ | ১৪ |

# কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

কৃষি নির্ভর বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে মৎস্য সেক্টরের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ ও অনস্বীকার্য। বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২২ অনুযায়ী মৎস্যখাতে জিডিপি প্রবৃদ্ধি ২.০৮ শতাংশ এবং কৃষিজ জিডিপি'র ২১.৮৩ শতাংশ মৎস্যখাতের অবদান। দৈনন্দিন মাছ গ্রহণের পরিমাণ দাড়িয়েছে ৬৭.৮০ গ্রাম (এইচআইইএস, ২০২২)। বিগত তিন অর্থবছরে (২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২) মোট মৎস্য উৎপাদন ছিল ৪৫.০৩, ৪৬.২১ ও ৪৭.৫৯ লক্ষ মেট্রিক টন। বিগত তিন অর্থবছরে (২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২) ৭০৯৪৫.৩৯, ৭৬৫৯১.৬৯ ও ৭৪০৪২.৬৭ মে.টন মৎস্য ও মৎস্যজাত পণ্য রপ্তানি করে যথাক্রমে ৩৯৮৫.১৫, ৪০৮৮.৯৬ ও ৫১৯১.৭৫ কোটি টাকার বৈদেশিক মুদ্রা অর্জিত হয়েছে। অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে মাছ উৎপাদন ও বদ্ধ জলাশয়ে চাষকৃত মাছ উৎপাদনে বাংলাদেশ বিশ্বে যথাক্রমে ৩য় ও ৫ম স্থান অধিকার করেছে (এফএও, ২০২২)।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

- ব্রুডস্টকের অবক্ষয়, গুণগত মানসম্পন্ন পোনা, খাদ্য ও অন্যান্য উপকরণের অপর্যাপ্ততা;
- জলাবদ্ধতা, মাছের মাইগ্রেশন বাধাপ্রাপ্ত হওয়া ও জীববৈচিত্র্য হ্রাস;
- পানি প্রবাহ হ্রাস এবং পলি জমার কারণে মাছের প্রজনন ও বিচরণক্ষেত্র বাধাগ্রস্ত হওয়া;
- গলদা ও বাগদা চাষের ক্ষেত্রে গুণগত মানসম্পন্ন ও ভাইরাসমুক্ত পিএল এবং মানসম্পন্ন খাদ্যের অভাব;
- জেলেদের মাছ ধরা নিষিদ্ধ মৌসুমে বিকল্প জীবিকায়ন সহায়তার অভাব;
- অভয়াশ্রম স্থাপন ও রক্ষণাবেক্ষণ ব্যবস্থা অপ্রতুল; এবং
- সামুদ্রিক মৎস্যসম্পদের মজুদ নির্ণয়, স্থায়িত্বশীল আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা।
- জলবায়ু পরিবর্তনের অভিঘাত ও প্রাকৃতিক দুর্যোগ।
- সুস্থিত সরবরাহ ও মুল্য শৃঙ্খলের অভাব।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

সরকারের নির্বাচনী ইশতেহার ও উন্নয়ন দর্শণ, প্রেক্ষিত পরিকল্পনা, ব-দ্বীপ পরিকল্পনা-২১০০, Allocation of Business অনুযায়ি মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়ের নির্ধারিত ম্যান্ডেট, ২০৪১ সালের মধ্যে জ্ঞানভিত্তিক অর্থনীতি ও উদ্ভাবনী জাতি হিসাবে স্মার্ট এবং উন্নত-সমৃদ্ধ বাংলাদেশে উন্নীতকরণ এবং টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এ উল্লিখিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় (২০২১-২০২৫) মৎস্য সেক্টরে অর্জিতব্য প্রধান লক্ষ্যসমূহ নির্ধারণ করা হয়েছে:

- চাষকৃত মাছের উৎপাদন ২০১৯-২০ সালের (২৫.৮৩ লক্ষ মেট্রিক টন) তুলনায় ১২.৫০ শতাংশ এবং মোট মাছের উৎপাদন ১১ শতাংশ বৃদ্ধি করা;
- দৈনিক মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ ৭৩ গ্রাম নিশ্চিত করা;
- হিমায়িত চিংড়ি, মাছ ও ভ্যালু অ্যাডেড মৎস্যপণ্য রপ্তানি ১.০০ লক্ষ মে.টনে উন্নীতকরণ;
- বেকার যুবক ও যুবমহিলাদের জন্য অধিকতর কর্মসংস্থান সৃষ্টি ও মৎস্যচাষে ২০-২৫ শতাংশ নারীর অংশগ্রহণ নিশ্চিতকরণ;
- মৎস্যচাষি/মৎস্যজীবীদের আয় ৩০ শতাংশ বৃদ্ধিকরণ;
- আন্তর্জাতিক বাজারে মাছ ও চিংড়ি সরবরাহের প্রতিটি ধাপে উত্তম চাষ ব্যবস্থাপনা ও সরবরাহ ব্যবস্থা গড়ে তোলা; এবং
- সামুদ্রিক মৎস্যসম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণের জন্য গৃহীত পরিকল্পনা বাস্তবায়ন।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

বদরগঞ্জ উপজেলায় ২ টি প্রদর্শনী মৎস্য খামার ও ১ টি বিল নার্সারি স্থাপন, ০.৪৫ মেট্রিক টন পোনা মাছ অবমুক্তকরণ, এবং ৯ টি মৎস্য খাদ্য সংক্রান্ত লাইসেন্স প্রদান ও নবায়ন, দক্ষতা উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ২৫০ জন মৎস্যচাষি/সুফলভোগীকে পরামর্শ প্রদান ও ৪০ জনকে আধুনিক মাছ চাষ বিষয়ক প্রশিক্ষণ প্রদান , মৎস্যসম্পদ উন্নয়নে ১৬ টি অভিযান পরিচালনা, ০২ টি মৎস্য খাদ্য নমুনা পরীক্ষা, মৎস্যজীবী/ সুফলভোগীদের জলাশয় ব্যবস্থাপনা/ আইন প্রতিপালন বিষয়ক ০৩ টি সচেতনতা সভা , রক্ষণাবেক্ষনকৃত মৎস্য অভয়াশ্রম ০১ টি, আয়োজিত মৎস্য মেলা/ উদ্ভবনী মেলা/ মৎস্যচাষি র‍্যালি ০৪ টি, মৎস্য খামার যান্ত্রিকীকরণ ০১ টি, উন্নয়নকৃত মৎস্য উৎপাদনকারীর সংগঠন ০৬ টি;
এ সকল কার্যক্রমের মাধ্যমে ২০২৩-২৪ অর্থবছরে মাছের উৎপাদন ৮২১৫ মেট্রিক টনে উন্নীতকরণে অবদান রাখা।

প্রস্তাবনা (**Preamble**)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

## সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, বদরগঞ্জ

**এবং**

**জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, রংপুর** এর মধ্যে ২০২৩ সালের জুন মাসের ২১ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# সেকশন ১:

## রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প**
মৎস্য ও মৎস্যজাত উৎস হতে প্রাণিজ আমিষের পুষ্টি চাহিদা পূরণ, দারিদ্র্য হ্রাস ও রপ্তানি আয় বৃদ্ধি।

**১.২ অভিলক্ষ্য**
সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্য ও চিংড়িসহ অন্যান্য গুরুত্বপূর্ণ জলজসম্পদের স্থায়িত্বশীল উৎপাদন বৃদ্ধি করে গুণগত মানের পুষ্টি চাহিদা পূরণ এবং রপ্তানি আয় বৃদ্ধি এবং দরিদ্র মৎস্যজীবী ও মৎস্যচাষি, তথা বাংলাদেশের আর্থ-সামাজিক ক্ষেত্রে কাঙ্ক্ষিত উন্নয়ন সাধন।

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র**

**১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. টেকসই সংরক্ষণ ও ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্যসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি;
২. স্থায়িত্বশীল মৎস্যচাষ উন্নয়ন ও ব্যবস্থাপনা;
৩. নিরাপদ মৎস্য ও মৎস্যজাত পণ্যের মান নিয়ন্ত্রণের মাধ্যমে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজারে নিরাপদ খাদ্য সরবরাহ; এবং
৪. দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

**১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র**

১) সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ কার্যাবলি**

১. বিল নার্সারি স্থাপন;
২. জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ;
৩. জলাশয়ভিত্তিক মৎস্যজীবীদের সংগঠিত করা ও পরিচালনা;
৪. মৎস্যজীবী/সুফলভোগীদের জলাশয় ব্যবস্থাপনা/ আইন প্রতিপালন বিষয়ক সচেতনতা সৃষ্টি /উদ্বুদ্ধকরণ;
৫. মাছের অভয়াশ্রম স্থাপন/রক্ষণাবেক্ষণ;
৬. মৎস্যচাষ প্রযুক্তি ও সী-উইড চাষ প্রযুক্তি সম্প্রসারণ;
৭. মৎস্য খামার যান্ত্রিকীকরণ ও মৎস্য সাপ্লাই চেইন উন্নয়ন
৮. মৎস্যখাদ্য সংক্রান্ত লাইসেন্স প্রদান ও মৎস্য খাদ্য পরীক্ষা;
৯. মৎস্যচাষ ব্যবস্থাপনা উন্নয়নে পরিদর্শন ও পরামর্শ প্রদান;
১০. সরকারি হ্যাচারি/মৎস্যবীজ খামারে মানসম্পন্ন মাছের রেণু উৎপাদন;
১১. উত্তম মৎস্যচাষ অনুশীলন সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন;
১২. কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান;
১৩. মৎস্যচাষি, মৎস্যজীবী মৎস্য প্রক্রিয়াকরণ সংশ্লিষ্টসহ অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান; এবং
১৪. মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টি।

## সেকশন ২

## মৎস্য অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব (Outcome/ Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত** | | লক্ষ্যমাত্রা** ২০২৩-২৪ | প্রক্ষেপণ** | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২* | ২০২২-২৩* | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | | |
| মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ বৃদ্ধি | মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ | ওজন (গ্রাম/দিন) | ৬৫.০০ | ৬৭.৮০* | ৬৯.২৫ | ৭৩.০০ | ৭৫.৫০ | ভূমি মন্ত্রণালয়, পানিসম্পদ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, উন্নয়ন সহযোগী সংস্থা | মৎস্য অধিদপ্তরীয় রিপোর্ট, বিবিএস, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা |
| মাছের উৎপাদন বৃদ্ধি | মাছ উৎপাদনের পরিমাণ** | মে.টন | ৬৭৮৬ | ৭৫১০ | ৮২১৫ | ৯৬২৮ | ১১১৮৪ | স্থানীয় প্রশাসন, উন্নয়ন সহযোগী সংস্থা, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর। | মৎস্য অধিদপ্তরীয় রিপোর্ট, এফআরএসএস |

* সাময়িক

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ | প্রে |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৪-২৫ | ২০২ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১ |
| | | | [২.৬.২] পরীক্ষিত মৎস্য খাদ্য নমুনা | সমষ্টি | সংখ্যা | ৫ | ২ | ২ | ২ | ১ | ১ | ১ | ১ | ৩ | |
| | | [২.৭] মৎস্যচাষ ব্যবস্থাপনা উন্নয়নে পরিদর্শন ও পরামর্শ প্রদান | [২.৭.১] পরামর্শ প্রদানকৃত মৎস্যচাষি | সমষ্টি | সংখ্যা (জন) | ৩ | ২৪০ | ২৪০ | ২৫০ | ২২০ | ২০০ | ১৮০ | ১৬০ | ২৫০ | ২ |
| [৪] দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | ২০ | [৪.২] মৎস্যচাষি, মৎস্যজীবী মৎস্য প্রক্রিয়াকরণ সংশ্লিষ্টসহ অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান | [৪.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত মৎস্যচাষি, মৎস্যজীবীসহ অন্যান্য সুফলভোগী | সমষ্টি | সংখ্যা (জন) | ২০ | ২৮০ | ৪০ | ৪০ | ৩৬ | ৩২ | ২৮ | ২৪ | ৪২ | ৪ |

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত)** | | | | | | | | | | | | | | | |
| সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | ১) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | | | | | | | | | |
| | | ২) ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | | | | | | | | | |
| | | ৩) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৩ | | | | | | | | | |
| | | ৪) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৪ | | | | | | | | | |
| | | ৫) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৩ | | | | | | | | | |

আমি সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, **বদরগঞ্জ, রংপুর** হিসাবে জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, রংপুর এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, **রংপুর** হিসাবে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, **বদরগঞ্জ, রংপুর** এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২১-০৬-২০২৫

---------------------------------------------------- ----------------------------------------

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, বদরগঞ্জ, রংপুর

তারিখ

----------------------------------------------------

২১, জুন, ২০২৫

----------------------------------------

জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, রংপুর

তারিখ

# সংযোজনী-১: শব্দসংক্ষেপ

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | আইইউইউ | ইল্লিগ্যাল, আনরিপোর্টেড এন্ড আনরেগুলেটেড |
| ২ | এআইজি | অলটারনেটিভ ইনকাম জেনেরেটিং |
| ৩ | এনজিও | নন গভর্নমেন্ট অর্গানাইজেশন |
| ৪ | এফআইকিউসি | ফিশ ইন্সপেকসন এন্ড কোয়ালিটি কন্ট্রোল |
| ৫ | এফএও | ফুড এন্ড এগ্রিকালচার অর্গানাইজেন |
| ৬ | এমওএফএল | মিনিস্ট্রি অব ফিশারিজ এন্ড লাইভস্টক |
| ৭ | এমসিএস | মনিটরিং, কনট্রোল এন্ড সার্ভিলেন্স |
| ৮ | এসপিএফ | স্পেসিফিক প্যাথোজেন ফ্রি |
| ৯ | জিডিপি | গ্রস ডমেস্টিক প্রডাক্ট |
| ১০ | ডিওএফ | ডিপার্টমেন্ট অব ফিশারিজ |
| ১১ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব স্ট্যাটিসটিক্স |
| ১২ | সিসিআরএফ | কোড অব কন্ডাক্ট ফর রেসপনসিবল ফিসারিজ |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| ক্র. নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|---|
| ১. | [১.১] বিল নার্সারি স্থাপন | [১.১.১] স্থাপিত বিল নার্সারি | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক প্রতিবেদন, সংশ্লিষ্ট এপিএ রেজিস্টারের ফটোকপি ও স্থিরচিত্র/ভিডিও |
| ২. | [১.২] জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ | [১.২.১] অবমুক্তকৃত পোনার পরিমাণ | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক প্রতিবেদন, সংশ্লিষ্ট এপিএ রেজিস্টারের ফটোকপি, স্থিরচিত্র/ভিডিও এবং প্রভাব নিরূপন প্রতিবেদন |
| ৩. | [১.৫] মাছের অভয়াশ্রম স্থাপন/রক্ষণাবেক্ষণ | [১.৫.২] রক্ষণাবেক্ষণকৃত মৎস্য অভয়াশ্রম | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | রক্ষণাবেক্ষণকৃত মৎস্য অভয়াশ্রমের তলিকা, সংশ্লিষ্ট এপিএ রেজিস্টারের ফটোকপি ও স্থিরচিত্র |
| ৪. | [১.৬] মৎস্যসম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন | [১.৬.১] পরিচালিত অভিযান | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক প্রতিবেদন, সংশ্লিষ্ট এপিএ রেজিস্টারের ফটোকপি ও স্থিরচিত্র |
| ৫. | [২.১] মৎস্যচাষ প্রযুক্তি সম্প্রসারণ | [২.১.১] স্থাপিত প্রদর্শনী খামার | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক প্রতিবেদন, সংশ্লিষ্ট এপিএ রেজিস্টারের ফটোকপি ও স্থিরচিত্র |
| | | [২.১.২] আয়োজিত মাঠ দিবস/মত বিনিময় সভা/সচেতনতামূলক সভা/ পরামর্শ দিবস/আয়োজিত মৎস্য মেলা/মৎস্যচাষি র‍্যালি (সংখ্যা) | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক প্রতিবেদন, সংশ্লিষ্ট এপিএ রেজিস্টারের ফটোকপি ও স্থিরচিত্র |
| ৬. | [২.৩] মৎস্য খামার যান্ত্রিকীকরণ | [২.৩.১] উন্নয়ন সহায়তা / চাষির নিজ উদ্যোগে স্থাপিত যন্ত্রপাতি | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক প্রতিবেদন, সংশ্লিষ্ট এপিএ রেজিস্টারের ফটোকপি ও স্থিরচিত্র |
| ৭. | [২.৪] মৎস্য সাপ্লাই চেইন উন্নয়ন | [২.৪.১] তৈরি/উন্নয়নকৃত মৎস্য/চিংড়ি উৎপাদনকারীদের সংগঠন | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক প্রতিবেদন, সংশ্লিষ্ট এপিএ রেজিস্টারের ফটোকপি, সংগঠনের সভার উপস্থিতি ও স্থিরচিত্র |
| ৮. | [২.৫] মৎস্য খাদ্য ও মৎস্য খাদ্য উপকরণ ব্যবস্থাপনা | [২.৫.১] প্রদানকৃত/নবায়নকৃত মৎস্যখাদ্য সংক্রান্ত লাইসেন্স | **বাস্তবায়নকারী:** জেলা/উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক প্রতিবেদন, সংশ্লিষ্ট এপিএ রেজিস্টারের ফটোকপি |
| | | [২.৫.২] পরীক্ষিত খাদ্য নমুনা | **বাস্তবায়নকারী:** জেলা/উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক প্রতিবেদন, সংশ্লিষ্ট এপিএ রেজিস্টারের ফটোকপি |
| ৯. | [২.৬] মৎস্যচাষ ব্যবস্থাপনা উন্নয়নে পরিদর্শন ও পরামর্শ প্রদান | [২.৬.১] পরামর্শ প্রদানকৃত মৎস্যচাষি | **বাস্তবায়নকারী:** উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক প্রতিবেদন, সংশ্লিষ্ট এপিএ রেজিস্টারের ফটোকপি |
| ১০ | [৪.১] কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান | [৪.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী | **বাস্তবায়নকারী:** জেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | জেলা/উপজেলা ভিত্তিক সমন্বিত প্রতিবেদন, হাজিরা ও স্থিরচিত্র |
| ১১ | [৪.২] মৎস্যচাষি, মৎস্যজীবী মৎস্য প্রক্রিয়াকরণ সংশ্লিষ্টসহ অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান | [৪.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত মৎস্যচাষি, মৎস্যজীবীসহ অন্যান্য সুফলভোগী | **বাস্তবায়নকারী:** জেলা/উপজেলা মৎস্য দপ্তর **সমন্বয়কারী:** জেলা মৎস্য দপ্তর | জেলা/উপজেলা ভিত্তিক সমন্বিত প্রতিবেদন, হাজিরা ও স্থিরচিত্র |

## সংযোজনী ৩: অন্য অফিসের সাথে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| মাছের অভয়াশ্রম স্থাপন/রক্ষণাবেক্ষণ | স্থাপিত/রক্ষণাবেক্ষণকৃত মৎস্য অভয়াশ্রম | ভূমি মন্ত্রণালয় | অফিশিয়াল পত্র, ইমেইল ও টেলিফোনিক যোগাযোগ |
| মৎস্যসম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন | পরিচালিত অভিযান | মন্ত্রী পরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ অর্থ মন্ত্রণালয়/নৌবাহিনী/কোস্টগার্ড/বাংলাদেশ পুলিশ/ নৌপুলিশ/ র‍্যাব/জেলা ও উপজেলা প্রশাসন | অফিশিয়াল পত্র, ইমেইল ও টেলিফোনিক যোগাযোগ |

**পরিশিষ্ট খঃ**

**মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সুশাসনমূলক কর্মপরিকল্পনাসমূহ**

**সংযোজনী ৪-৮**

## সংযোজনী: ৪

## উপজেলা পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪

উপজেলা পর্যায়ের কার্যালয়ের নাম: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, বদরগঞ্জ, রংপুর

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২৩-২০২৪ | | | | | | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা……………………………………..** | | | | | | | | | | | | | |
| ১.১ কর্ম-পরিবেশ উন্নয়ন<br>(ক. পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি;<br>(খ. ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা)। | উন্নত কর্ম-পরিবেশ | ৩ | সংখ্যা ও তারিখ | সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা | ২<br>৩০.০৯.২৩<br>৩১.১২.২৩ | লক্ষ্যমাত্রা | ৩০.০৯.২৩ | ৩১.১২.২৩ | - | - | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| **২. ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার …………………………………………………………….** | | | | | | | | | | | | | |
| ২.১ ২০২৩-২৪ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ৩ | তারিখ | সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা | ৩১/০৭/২৩ | লক্ষ্যমাত্রা | ৩১/০৭/২৩ | - | - | - | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| **৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম………………..** | | | | | | | | | | | | | |
| ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ | রেজিস্টার হালনাগাদকৃত | ৪ | % | সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |

# সংযোজনী-০৭

## উপজেলা পর্যায়ের দপ্তরের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২৪

উপজেলা পর্যায়ের কার্যালয়ের নাম: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, বদরগঞ্জ, রংপুর

| কার্যক্রমের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| প্রাতিষ্ঠানিক কার্যক্রম | ২৫ | [১.১] ত্রৈমাসিকভিত্তিতে নিজ অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ। | [১.১.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | সংখ্যা | ২৫ | ৪ | ৩ | ২ | ১ | |

# সংযোজনী-০৮

## উপজেলা পর্যায়ের দপ্তরের তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা ২০২৩-২৪

উপজেলা পর্যায়ের কার্যালয়ের নাম: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, বদরগঞ্জ, রংপুর

| কর্মসম্পাদনের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২০২৪ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| প্রাতিষ্ঠানিক | ০২ | [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | [১.১.১] নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | % | ০২ | | | ১০০% | ৯০% | ৮০% | - | - |
| সক্ষমতা বৃদ্ধি | ০১ | [২.১] বার্ষিক প্রতিবেদন প্রকাশ | [২.১.১] নির্ধারিত সময়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশিত | তারিখ | ০১ | | | ১৫-১০-২০২৩ | ৩১-১০-২০২৩ | ৩০-১১-২০২৩ | - | - |